

দুই মাস পর খুলছে শাবি

শাবি সংবাদদাতা : ছাত্র রাজনীতি
নিষিদ্ধের মধ্য দিয়ে শাবি দুই মাস পর
আগামী ১৮ জানুয়ারি খুলছে শাহজালাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। শাবির
বিকালে বিশ্ববিদ্যালয়ের ডিসি ভবনে
বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মোঃ
আমিনুল হক ভূঁইয়ার সভাপতিত্বে অনু-
ষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়।
তবে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র রাজনীতি
নিষিদ্ধ করেছে প্রশাসন।

শাবির আনুষ্ঠানিক হলসমূহ খুলে দেয়া হবে
১৭ জানুয়ারি। ম্যাজিস্ট্রেট ও পুলিশের
উপস্থিতিতে শুধুমাত্র হলের ভর্তিকৃত
প্রকৃত শিক্ষার্থীরাই হলে উঠতে পারবে।
সকলকে তত্ত্বাশি করে হলে ঢোকর
সুযোগ দেয়া হবে।

ক্যাম্পাসে চলাফেরার জন্য সকল
শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে পরিচয়পত্র
সাথে রাখতে হবে।

উল্লেখ্য, গত ২০ নভেম্বর ছাত্রশীপের
দুই গ্রুপে সংঘর্ষের ঘটনায় বহিরাগত এক
ছাত্রশীপ কর্মী নিহত হলে শাবি ক্যাম্পাস
অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।